



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
শ্রম কল্যাণ কেন্দ্র, পুরাণবাজার, চাঁদপুর।  
www.lwc.sadar.chandpur.gov.bd

স্মারক নং- ৪০.০২.০০০০.৪০৯.২৫.০০৩.২০২০ (পার্ট-৫) - ১৮


তারিখঃ ১৪-০৩-২০২৪খ্রি.

বিষয়ঃ ৭৭ তম "শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স" এর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শ্রম আইন-২০০৬ এ বিভিন্ন বিষয়ের উপর শ্রমিকদের প্রশিক্ষণের উদ্দেশ্যে অত্র শ্রম কল্যাণ কেন্দ্র, নিয়মিতভাবে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান/ট্রেড ইউনিয়নভুক্ত শ্রমিকদের নিয়ে ০৫ (পাঁচ) দিন ব্যাপী "শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স" এর আয়োজন করে থাকে।

এ প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের শ্রম বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি, চিকিৎসা ও স্বাস্থ্য এবং মালিক-শ্রমিকের মধ্যে শান্তি ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রেখে অব্যাহত উৎপাদন নিশ্চিত ও অনুকূল কর্মপরিবেশ সৃষ্টির লক্ষ্যে আগামী ৩১-০৩-২০২৪ খ্রি. হতে ০৪-০৪-২০২৪ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষণ কোর্স পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠান থেকে ৩৫ (পঁয়ত্রিশ) জন শ্রমিকের নামের তালিকা সংযুক্ত ছকে পূরণ করে পৃথক পত্রে আগামীর ২৫-০৩-২০২৪ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উক্ত কোর্সটি প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত চলবে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের স্ব-স্ব প্রতিষ্ঠানে কর্মরত আছেন বলে বিবেচিত হবে। প্রশিক্ষণের জন্য কোন প্রকার ফি পরিশোধ করতে হবে না। প্রত্যেক অংশগ্রহনকারী প্রশিক্ষণার্থীকে হাজিরা সাপেক্ষে দৈনিক ৩০০/- (তিনশত) টাকা ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সামগ্রী অত্র কেন্দ্র হতে প্রদান করা হবে। বর্নিত কোর্সটি নির্দিষ্ট সময়ে স্বাস্থ্যবিধি মেনে শুরু হবে। সে বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা একান্ত কাম্য।

  
২৪-৩-২০২৪খ্রি.

(ডা. মুহাম্মদ মেহেদী হাসান)  
মেডিকেল অফিসার  
শ্রম কল্যাণ কেন্দ্র, চাঁদপুর।

সভাপতি/সাধারণ সম্পাদক  
চাঁদপুর পুরাণবাজার ড্রাকঘাট লোড-আনলোড শ্রমিক ইউনিয়ন  
রেজিঃ নং-চট্রঃ ১৬৩১, পুরাণবাজার, চাঁদপুর।